

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 24-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মুখ্যমন্ত্রী গ্রাম সম্পর্ক যোজনা, দ্বিতীয় পর্যায়ের মুখ্যমন্ত্রী ত্রিপুরা গ্রাম সমৃদ্ধি যোজনা এবং ১৫ হাজার পরিবারে মেগা গৃহ প্রবেশের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন।
  - (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১০২ জনকে শারীর শিক্ষক এবং ৫৫ জনকে স্পেশাল এডুকেটর পদে নিয়োগপত্র প্রদান করেন।
  - (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন শ্রম সংস্কারণের প্রশংসা করেছেন।
  - (৪) বিচারপতি সূর্য কান্ত আজ ভারতের ৫৩তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন।
  - (৫) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া চ্যাম্পিয়ন হয়েছে।
- \*\*\*\*\*

**Mukhamantri Gram Samparka Yojna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মুখ্যমন্ত্রী গ্রাম সম্পর্ক যোজনা, দ্বিতীয় পর্যায়ের মুখ্যমন্ত্রী ত্রিপুরা গ্রাম সমৃদ্ধি যোজনা এবং ১৫ হাজার পরিবারে মেগা গৃহ প্রবেশের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, গ্রামীণ এলাকার মানুষের উন্নয়নে রাজ্য সরকার স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগ সহ প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতার সঙ্গে কাজ করছে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় ১৫ হাজার পরিবারের একই সঙ্গে পাকা গৃহে প্রবেশ রাজ্যের জন্য একটি ঐতিহাসিক দিন। তিনি বলেন,

মুখ্যমন্ত্রী গ্রাম সম্পর্ক যোজনা ও মুখ্যমন্ত্রী ত্রিপুরা গ্রাম সমৃদ্ধি যোজনাওলির সুফল দ্রুত গ্রামাঞ্চলের মানুষের কাছে পৌঁছাতে হবে। ফলে গ্রামীণ এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে এক নতুন দিগন্ত উন্মোচিত হবে।

ব্লকস্ট্রে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ভাল কাজের জন্য রাইস্যাবাড়ি, করবুক, তেলিয়ামুড়া, কলাচড়া, মোহনভোগ, জোলাইবাড়ি, চন্দীপুর ও লেফুঙা ব্লককে আজ পূর্ণস্থূল করা হয়। জেলাস্ট্রে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ভাল কাজের জন্য প্রথম স্থান অর্জন করেছে উত্তর ত্রিপুরা জেলা। দ্বিতীয় উনকোটি জেলা ও তৃতীয় স্থান অর্জন করেছে পশ্চিম ত্রিপুরা জেলা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট বিডিও এবং জেলাশাসকদের হাতে শংসাপত্র ও ট্রফি তুলে দেন।

\*\*\*\*\*

### **CM-Offer Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১০২ জনকে শারীর শিক্ষক এবং ৫৫ জনকে স্পেশাল এডুকেটর পদে নিয়োগপত্র প্রদান করেন। এ উপলক্ষ্যে মুক্তধারা অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার প্রথম থেকেই স্বচ্ছতার মাধ্যমে সরকারি চাকরিতে নিয়োগ প্রক্রিয়া জারি রেখেছে। যোগ্যতা থাকলে অবশ্যই চাকরি পাওয়া সম্ভব। বিশেষ সচিব রাঙ্গেল হেমেন্দ্র কুমার স্বাগত বক্তব্য রাখেন। বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন.সি, শর্মা বলেন, শারীর শিক্ষকদের রাজ্যের বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলিতে পোস্টিং দেওয়া হবে, যেখানে শারীর শিক্ষাকে একটি বিষয় হিসেবে শিক্ষার্থীদের পড়ানো হবে। তাছাড়া স্পেশাল এডুকেটরগণ দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দেবেন।

\*\*\*\*\*

### **MLA Team-UNAKOTI :**

বিধায়িকা স্বপ্না দেববর্মার নেতৃত্বে রাজ্য বিধানসভার লাইব্রেরি বিষয়ক কমিটির সদস্যরা আজ থেকে উনকোটি ও উত্তর ত্রিপুরা জেলা সফর শুরু

হয়েছে। কমিটিতে অন্যান্য সদস্যরা হলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, রামু দাস ও নয়ন সরকার। প্রতিনিধিদলটি আজ দুপুরে প্রথমেই উনকোটি জেলার ফটিকরায়স্থিত কুমারঘাট মহকুমা জন গ্রন্থাগারটি পরিদর্শন করেন। তারা গ্রন্থাগারের পরিষেবা ও পরিকাঠামো সম্পর্কে খোঁজখবর নেন এবং স্থানীয় জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। উপস্থিতি ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস প্রমুখ। প্রতিনিধি দলটি গ্রন্থাগারের পাঠক-পাঠিকাদের সঙ্গেও কথা বলেন।

\* \* \* \* \*

### **Package Story-Naksha to be implemented :**

কেন্দ্রীয় গ্রামোন্যন মন্ত্রকের ভূসম্পদ দপ্তরের পাইলট প্রকল্প নকশা বা ন্যাশনাল জিও স্প্যাশিয়াল নেলেজ বেসড ল্যান্ড সার্ভে অফ আরবান হ্যাবিটেশানস। প্রকল্পের প্রথম পর্যায়ে সারাদেশের ১৫১টি নগর এলাকাকে চিহ্নিত করা হয়েছে। রাজ্যে এই প্রকল্পের আওতায় একমাত্র চিহ্নিত হয়েছে আগরতলা পুর নিগম এলাকা। প্রকল্প কল্পায়নের অন্যতম দায়িত্বে রয়েছে রাজ্যের ভূমিলেখ্য ও ভূ-জরিপ দপ্তর। দপ্তরের অধিকর্তা জানালেন, নগর এলাকায় এই জরিপের ব্যাপারে সার্বিক প্রস্তুতি চলছে। এনিয়ে একটি প্রতিবেদন।

# # # # # # VC # # # # #

\* \* \* \* \*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte # # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিস্ট্রিভ. ডিস্ট্রিভ. ডিস্ট্রিভ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলাট্স-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\* \* \* \* \*

### **PM, Labour Reforms :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সরকারের নতুন শ্রম সংস্কারণগুলি ভবিষ্যতের জন্য প্রস্তুত অর্থনীতির প্রতি অঙ্গীকার, সম্মতি সহজীকরণ, মহিলা কর্মীদের ক্ষমতায়ন এবং বিশ্ব মূল্য শৃঙ্খলে দেশের অবস্থানকে শক্তিশালী করার প্রতিফলন। কেন্দ্রীয় মন্ত্রী মনসুথ মান্ডিভিয়ার একটি নিবন্ধ শেয়ার করে শ্রী মোদী বলেছেন যে বিশ্ব বিশ্বস্ত বৈশ্বিক অংশীদার হিসাবে ভারতের উত্থানকে স্বীকৃতি দেয়।

\* \* \* \* \*

### **Chief Justice :**

বিচারপতি সূর্য কান্ত আজ ভারতের ৫৩তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে রাষ্ট্রপতি ভবনে বিচারপতি তাঁকে শপথ বাক্য পাঠ করান।

# ##### Oath Taking #####

শপথগ্রহণ অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার স্পিকার ওম বিড়লা এবং স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাহ্ডা সহ কেন্দ্রীয় মন্ত্রীরা এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

১৯৬২ সালে হরিয়ানার হিসাবে জন্মগ্রহণকারী বিচারপতি সূর্য কান্ত ১৯৮৪ সালে হিসাবে জেলা আদালতে আইন অনুশীলন শুরু করেন। তিনি সাংবিধানিক, পরিষেবা এবং দেওয়ানি বিষয়ে বিশেষজ্ঞ। বিচারপতি সূর্য

কান্ত ২০০০ সালে হরিয়ানার সর্বকনিষ্ঠ অ্যাডভোকেট জেনারেল নিযুক্ত হওয়ার গৌরব অর্জন করেছিলেন। ২০১৮ সালে হিমাচল প্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি নিযুক্ত হন। ২০১৯ সালের মে মাসে তিনি সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে উন্নীত হন। ভারতের প্রধান বিচারপতি হিসেবে বিচারপতি সূর্য কান্তের মেয়াদ প্রায় ১৫ মাস থাকবে।

\*\*\*\*\*

### **Dharmendra :**

প্রয়াত হয়েছেন শোলে ছবির অমর চরিত্রাভিনেতা ‘বীর’। তিনি বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। বলিউডের প্রবীণ অভিনেতা ধর্মেন্দ্র’র মৃত্যুকালে বয়স হয়েছিল ৮৯ বছর। মুম্বাইয়ের ভিলে পার্লে শ্বশালে ধর্মেন্দ্রের শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রবীণ অভিনেতা এবং পদ্মভূষণ পুরস্কারপ্রাপ্ত ধর্মেন্দ্রের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন, প্রবীণ অভিনেতা এবং প্রাক্তন সংসদ সদস্যের মৃত্যু ভারতীয় চলচ্চিত্রের জন্য এক বিরাট ক্ষতি। উরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ বলেন, লক্ষ লক্ষ মানুষের প্রিয় আইকন ধর্মেন্দ্র তাঁর অসাধারণ অভিনয় এবং শিল্পের প্রতি অবিচল নিষ্ঠার মাধ্যমে ভারতীয় চলচ্চিত্রের ক্যানভাসকে সমৃদ্ধ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ধর্মেন্দ্রের মৃত্যু ভারতীয় চলচ্চিত্রের একটি যুগের সমাপ্তি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈঞ্চব ধর্মেন্দ্রের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

### **Jual Oram :**

কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম আজ নতুনদিল্লিতে উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণের সঙ্গে দেখা করেন। উপ-রাষ্ট্রপতি সামাজিক মাধ্যমে বলেছেন যে বৈঠকে, তাঁকে উপজাতি জনগোষ্ঠীর কল্যাণে মন্ত্রকের উদ্যোগ সম্পর্কে অবহিত করা হয়। শ্রী রাধাকৃষ্ণণ আদিবাসী জনগোষ্ঠীর

সকল অংশের কাছে কল্যাণমূলক প্রকল্পের সুবিধা পৌছাবে নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন। উপ-রাষ্ট্রপতি পুনর্ব্যক্ত করেন যে, আদিবাসী সম্পদায়ের কল্যাণ নিশ্চিত করা হলেই বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি বাস্তবায়িত হতে পারে। শ্রী রাধাকৃষ্ণণ উপজাতি শিক্ষার্থীদের জন্য মানসম্পন্ন উচ্চশিক্ষার সুযোগ নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন এবং গত এগারো বছরে মন্ত্রকের বাজেট ব্যয় তিনগুণ বৃদ্ধির প্রশংসা করেন।

শ্রী ওরাম উপরাষ্ট্রপতিকে সারা দেশে একলব্য মডেল আবাসিক স্কুলগুলিকে আধুনিকীকরণ ও সম্প্রসারণের জন্য মন্ত্রকের পরিকল্পনা সম্পর্কে অবহিত করেন এবং ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান, পিএম-জনমন এবং আদি কর্ম্যোগী অভিযানের মতো মূল প্রকল্পগুলি তুলে ধরেন।

\* \* \* \* \*

### **Swacchata Special Campaign :**

আকাশবাণী আগরতলায় আয়োজিত বিশেষ স্বচ্ছতা অভিযানে প্রশংসিত কাজের জন্য আজ প্রসার ভারতীর এগারজন কর্মীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। আকাশবাণী আগরতলার কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলা কেন্দ্র অধিকর্তা শ্রী অশোক, ক্লাস্টার হেড জে বি চৱকপল্লী, আকাশবাণী বিলোনিয়ার কার্যনির্বাহী আধিকারিক হেমচন্দ্র সিং, আকাশবাণী আগরতলার প্রোগ্রাম বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা প্রমুখ। উল্লেখ্য, এই বছরের সেপ্টেম্বর মাস থেকে শুরু হওয়া বিশেষ স্বচ্ছতা অভিযানে অংশগ্রহণকারী কর্মীদের উৎসাহ দিতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\* \* \* \* \*

### **Sadar 13 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত নির্ণয়ক ম্যাচে চাম্পামুড়া কোচিং সেন্টার ৫ উইকেটে

ଖ୍ଲାଡମାଉଁ ଖ୍ଲାବକେ ପରାଜିତ କରେ। ଏବାର ନିୟେ ନୟ ବାର ଚାମ୍ପାମୁଡ଼ା ଏଇ ଆସରେ ଥେତାବ ପେଲୋ।

\*\*\*\*\*

### **Weather :**

ଆଗମୀକାଳ ଆକାଶ ସାଧାରଣତ ପରିଷ୍କାର ଥାକବେ। ସକାଳେ ହାଲକା ଥେକେ ମାଘାରି କୁଯାଶା ପଡ଼ାର ସଂଭାବନା ରହେଛେ। ଆଗମୀକାଳ ଦିନେର ସର୍ବୋଚ୍ଚ ତାପମାତ୍ରା ୨୯ ଡିଗ୍ରି ସେଲସିଯାମ୍ ଏବଂ ସର୍ବନିମ୍ନ ୧୫ ଡିଗ୍ରି ସେଲସିଯାମ୍‌ରେ କାହାକାହି ଥାକତେ ପାରେ। ଆଜ ଦିନେର ସର୍ବୋଚ୍ଚ ତାପମାତ୍ରା ଛିଲ ୨୯.୨ ଡିଗ୍ରି ସେଲସିଯାମ୍ ଏବଂ ସର୍ବନିମ୍ନ ୧୫.୮ ଡିଗ୍ରି ସେଲସିଯାମ୍।

\*\*\*\*\*